



বনিবক বার্তা, ২০১৯-০৭-১১, পৃঃ- ১২



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে প্রজনন স্বাস্থ্য সচেতনতামূলক সেমিনার

তরুণদের সচেতনতায় ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে যৌন ও প্রজনন স্বাস্থ্য বিষয়ে একটি সেমিনার অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে ৮ জুলাই এ সেমিনার অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন। সেমিনারে ইউনিসেফের স্বাস্থ্য বিশেষজ্ঞ ডা. আবু সাদাত মোহাম্মদ সায়েম, প্রোগ্রাম অফিসার মাইং সং শিন লি ও উন্নয়ন বিশেষজ্ঞ তনিয়া সুলতানা বক্তব্য দেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের সোশ্যাল রিলেশন্স বিভাগের চেয়ারপারসন মোবারক হোসেন খান।